

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০২০-০৩১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

- বিষয় : “জানুয়ারি ২০২১” মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : প্রবাসী কল্যাণ ভবন, ‘বিজয় ৭১’ মিলনায়তন (২য় তলা)।
- তারিখ ও সময় : ১৫ ফেব্রুয়ারি ২০২১, বেলা-১১.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (কল্যাণ) জনাব শরিফুল ইসলাম বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রমের প্রেক্ষিতে বিগত মাসে নথি নিষ্পত্তির চেয়ে জানুয়ারি ২০২১ মাসে নিষ্পত্তির সংখ্যা প্রায় শতাধিক নথি বেশী হওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত Power of Attorney/ H-Form দূতাবাস/হাইকমিশনে প্রেরণ করা হয়। এ ধরনের অনেক PoA অনিষ্পন্ন আছে। উক্ত নথিসমূহ দূত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশনে তাগিদ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত Power of Attorney/ H-Form দূত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশনে তাগিদ প্রদানের সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.	প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান।	২০২১ সাল থেকে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের পাশাপাশি ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সনদপত্র (সার্টিফিকেট) প্রদানের নিমিত্ত একটি নমুনা সনদপত্র পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২১ সাল থেকে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের পাশাপাশি ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সনদপত্র (সার্টিফিকেট) প্রদানের নিমিত্ত একটি নমুনা সনদপত্র পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (আইআরপি)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৩.	কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের বেশ কিছু গাড়ী পুরাতন, অকেজো ও ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। ফলে গাড়ী চালনার ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ও মেরামত ব্যয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের নিমিত্ত একটি খসড়া নীতিমালা প্রনয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা মহাপরিচালকের অনুমতি নিয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রস্তুতকৃত নীতিমালা মহাপরিচালকের অনুমতি নিয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৪.	দাপ্তরিক কার্যক্রমে চাহিদাপত্র অনুযায়ী মালামাল ক্রয় ও সরবরাহ সংক্রান্ত।	সভায় কয়েকজন কর্মকর্তা উল্লেখ করেন যে, তাদের কম্পিউটার ও প্রিন্টার নষ্ট হওয়ায় তা সরবরাহের জন্য রিকুইজিশন দিয়েছেন। কিন্তু পিপিআর অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সময় সাপেক্ষ বিধায় দাপ্তরিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামালের অভাবে যাতে কোন অবস্থাতেই দাপ্তরিক কার্যক্রম বিঘ্নিত না হয় সেদিকে নজর রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা দেন। তাছাড়া প্রয়োজনে রিকুইজিশনের অতিরিক্ত প্রয়োজনীয় মালামাল ক্রয় করে স্টোরে জমার পরামর্শ দেন।	দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য কর্মকর্তা/কর্মচারীদের চাহিদাপত্র অনুযায়ী কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামাল দ্রুত ক্রয় ও সরবরাহ করতে হবে। তাছাড়া নিরবিচ্ছিন্নভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনে চাহিদাপত্রের অতিরিক্ত মালামাল ক্রয় করে স্টোরে জমা রাখতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৫.	Power of Attorney তৈরীর জন্য ইউনিট গঠন সংক্রান্ত।	সভায় উল্লেখ করা হয় যে, প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দূতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবারকে Power of Attorney তৈরী করতে গিয়ে বহু হয়রানীর শিকার হতে হয়। এ সকল প্রবাসী কর্মীর পরিবারকে Power of Attorney তৈরী করার জন্য ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অধীনে একটি ইউনিট গঠন করা প্রয়োজন। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহ দ্রুততম সময়ে সেবাগ্রহিতার নিকট পৌঁছে দেয়ার জন্য সম্প্রতি অনুষ্ঠিত একটি ওয়ার্কশপে প্রবাসে মৃত কর্মীর পরিবারকে Power of Attorney প্রস্তুত করে দেয়ার জন্য আইনজীবীদের একটি প্যানেল তৈরী এবং আইনজীবীদের সহায়তা করার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে একটি সেবা ইউনিট গঠনের প্রস্তাব দেয়া হয়।	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দূতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবারকে Power of Attorney প্রস্তুত করে দেয়ার জন্য আইনজীবীদের একটি প্যানেল তৈরী এবং আইনজীবীদের সহায়তা করার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ একটি সেবা ইউনিট গঠন করতে হবে। বর্ণিত প্রস্তাব অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৬.	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের সেবার মান বৃদ্ধিকরণ।	সভায় অভিমত পোষণ করা হয় ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড লিখা ‘পাসপোর্ট ব্যাগ’ বিদেশগামী কর্মীদের মধ্যে বিতরণ করা হলে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড সম্পর্কে কর্মীদের সচেতনতা বৃদ্ধি পাবে। এটি কল্যাণ বোর্ডের একটি প্রচার ধর্মী কাজ হিসেবে বিবেচিত হতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কে লিফলেট, বুকলেট, বলপেন বিতরণ এবং বিদেশগামী প্রতিটি কর্মীকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড লিখা সুন্দর ও আকর্ষণীয় ‘পাসপোর্ট ব্যাগ’ দেয়ার সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৭.	বিদেশ ফেরত নারী কর্মীর পুনর্বাসন সংক্রান্ত।	করোনাকালে বিদেশ ফেরত প্রায় ৭০০ নারী কর্মীর পুনর্বাসনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। ফলে নারী কর্মীদের কল্যাণে কি ধরনের উদ্যোগ গ্রহণ করা যায়, এ বিষয়ে উপ-সহকারী পরিচালক ও তদুর্দ্ধের কর্মকর্তাগণ আগামী সমন্বয় সভার পূর্বে মহাপরিচালকের নিকট একটি প্রস্তাব উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	করোনাকালে বিদেশ ফেরত প্রায় ৭০০ নারী কর্মীর পুনর্বাসনের লক্ষ্যে কি ধরনের উদ্যোগ গ্রহণ করা যায়, এ বিষয়ে উপ-সহকারী পরিচালক ও তদুর্দ্ধের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠানপূর্বক মহাপরিচালকের নিকট এতদবিষয়ে একটি প্রস্তাব উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ)
৮.	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণ।	গত ১৭-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত “জুলাই ২০২০” মাসিক সমন্বয় সভায় নিম্নরূপ সিদ্ধান্ত হয়: “প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অফিস যদি লেভেল-১৮, ১৯ ও ২০এ স্থানান্তরিত হয়, তাহলে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কার্যক্রম তদস্থলে স্থানান্তর করা হবে। এমতাবস্থায়, প্রস্তাবিত কনফারেন্স রুম সম্প্রসারণের বিষয়টি আপাততঃ স্থগিত রাখতে হবে।” উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে কনফারেন্স রুম সম্প্রসারণের বিষয়টি স্থগিত রাখা হয়। কিন্তু গত ১৫-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত “জানুয়ারি ২০২১” মাসিক সমন্বয় সভায় বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের বিষয়টি উপস্থাপন করা হলে মহাপরিচালক মহোদয় জানান যে, অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিলের অর্থায়নে অত্র মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত লেভেল-১৮, ১৯ ও ২০ এর যে কোন একটি ফ্লোর স্পেসে ইন্টেরিয়র ডেকোরেশন কাজ সম্পন্ন করা হবে এবং এর বিপরীতে ভবিষ্যতে লেভেল-৬ এর ফ্লোর স্পেস অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিলের নিকট বরাদ্দ প্রদান করা	বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে অনুমোদিত ড্রয়িং ডিজাইন অনুযায়ী কাজ শুরু করার নিমিত্ত প্রাক্কলিত ব্যয় অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		হবে মর্মে অত্র মন্ত্রণালয় হতে জানা যায়। এমতাবস্থায়, বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে অনুমোদিত ড্রয়িং ডিজাইন অনুযায়ী কাজ শুরু করার নিমিত্ত প্রাক্কলিত ব্যয় অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।		
৯.	সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারীকে সম্মানী প্রদান সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসে মৃত কর্মীর পরিবারের কল্যাণে প্রদত্ত সেবাসমূহ দ্রুততম সময়ে সেবাগ্রহিতার নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে ইতঃপূর্বের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারী নির্বাচিত কর্মচারীকে তাঁর মূল বেতনের ২০% সমপরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদানের সিদ্ধান্ত রয়েছে। পুরস্কার প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও যথার্থতা নিশ্চিতকরণের লক্ষ্যে একটি নীতিমালা প্রণয়নপূর্বক প্রতি মাসে সেরা পারফর্মার বা সর্বাধিক নথি নিষ্পত্তিকারীকে সম্মানী প্রদান অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	পুরস্কার প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও যথার্থতা নিশ্চিতকরণের লক্ষ্যে একটি নীতিমালা প্রণয়নপূর্বক প্রতি মাসে সেরা পারফর্মার বা সর্বাধিক নথি নিষ্পত্তিকারীকে সম্মানী প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ ও কল্যাণ/প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এ্যানালিস্ট/ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৬। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। অফিস নথি/২০২১।